



বিএনপি প্রার্থী আসলাম চৌধুরী নির্বাচনে অংশ নিতে বাধা নেই হাইকোর্ট



বিএনপি প্রার্থী আসলাম চৌধুরী। ছবি: সংগৃহীত

চট্টগ্রাম-৪ আসনে বিএনপির প্রার্থী আসলাম চৌধুরী ভোটে অংশ নিতে পারবেন বলে নির্দেশ দিয়েছেন আপিল বিভাগ। তবে চলমান আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এই আসনের ফলাফলের চূড়ান্ত ঘোষণা স্থগিত থাকবে।

মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) প্রধান বিচারপতির নেতৃত্বাধীন আপিল বিভাগ এ আদেশ দেন। আসলাম চৌধুরীর মনোনয়নপত্র বৈধ ঘোষণার বিরুদ্ধে একটি ব্যাংকের করা 'লিভ টু আপিল' আবেদন শুনানির জন্য গ্রহণ করে আদালত এ সিদ্ধান্ত দেয়।

আসলাম চৌধুরীর পক্ষে শুনানিতে অংশ নেন অ্যাডভোকেট আহসানুল করিম, ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল, অ্যাডভোকেট মাহবুবুর রহমান খান ও ব্যারিস্টার কাজী আক্তার হোসেন। অন্যদিকে ব্যাংকের পক্ষে ছিলেন আইনজীবী মোহাম্মদ হোসেন লিপু ও অ্যাডভোকেট আজিম উদ্দিন পাটোয়ারী।

এর আগে, ১ ফেব্রুয়ারি নির্বাচন কমিশনের দেওয়া মনোনয়ন বৈধতার সিদ্ধান্তের বিরুদ্ধে ব্যাংকের আপিল আবেদনের শুনানি শুরু হয়।